ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২২৯৭
কৈলাসহর, ১২ আগস্ট, ২০২৫

# কৈলাশহরে তিরঙ্গা র‍্যালী

ঊনকোটি জেলা প্রশাসনের উদ্যোগে ও ইন্ডিয়ান এক্স সার্ভিসম্যান কৈলাসহর শাখা-এর ব্যবস্থাপনায় আজ হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে এক বর্ণাঢ্য তিরঙ্গা র‍্যালির আয়োজন করা হয়। ১০০ মিটার দীর্ঘ জাতীয় পতাকা নিয়ে র‍্যালিটি কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্র থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে পুনরায় ঊনকোটি কলাক্ষেত্রে এসে শেষ হয়। র‍্যালিতে জেলার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, এনসিসি, এন এস এস স্বেচ্ছাসেবী ও প্রাক্তন সৈনিকরা অংশগ্রহণ করেন। র‍্যালিতে উপস্থিত ছিলেন ঊনকোটি জেলার অতিরিক্ত জেলাশাসক অর্ঘ্য সাহা, কৈলাসহর মহকুমার মহকুমা শাসক বিপুল দাস সহ প্রাক্তন সৈনিকগণ।

*****